

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1514 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سَلْمٍ قَالَ: أَخْبَرَنَا ابْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ أَنَّ مُوسَى بْنِ سَعْدٍ الْأَنْصَارِيَّ حَدَّثَهُ عَنْ حَفْصِ بْنِ عُبَيْدِ اللَّهِ: عَنْ أَنَسِ بْنِ مَالِكَ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرَ فَلَمَّا انْصَرَفَ أَتَاهُ رَجُلٌ مِنْ بَنِي سَلِمَةَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّا نُرِيدُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرُ فَلَمَّا انْصَرَفَ أَتَاهُ رَجُلٌ مِنْ بَنِي سَلِمَة فَقَالَ: يَا رَسُولُ اللَّهِ إِنَّا نُرِيدُ أَنْ نَنْحَرَ جَزُورًا لَنَا وَنَحْنُ نُحِبُّ أَنْ تَحْضُرَهُ قَالَ: (نَعَمْ) فَانْطَلَقَ وَانْطَلَقَ وَانْطَلَقَا مَعَهُ فَوَجَدْنَا الْجَزُورَ لَمْ يُنحر فَنُحرت ثُمَّ قُطعت ثُمَّ طُبخ مِنْهَا ثُمَّ أَكَلْنَا قَبْلَ أَنْ تَغِيبَ الشَّمْسُ. اللهِ وَلَالَ يَا المصدر: الراوي: أَنس بْن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان المحدث: صحيح المحدث: صحيح

বাংলা

১৫১৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম একদিন আমাদের নিয়ে আসরের সালাত আদায় করলেন, যখন তিনি সালাত শেষ করলেন, তখন বানূ সালামা গোত্রের এক ব্যক্তি এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম, আমরা আমাদের একটি উট জবেহ করতে চাই। আর আমরা চাই যে, আপনি সেখানে উপস্থিত থাকেন।" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, "আচ্ছা, ঠিক আছে।" তারপর তিনি রওয়ানা দিলেন, আমরাও তাঁর সাথে রওয়ানা দিলাম। অতঃপর আমরা গিয়ে দেখতে পেলাম যে, উটটি তখনও জবাই করা হয়নি। তারপর উটটি জবাই করা হলো। গোশত টুকরো করা হলো। তারপর তা রাল্লা করা হলো। তারপর আমরা সূর্য অস্ত যাওয়ার আগেই তা খেয়ে নেই।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬২৪; দারাকুতনী: ১/২৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৫১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন